

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
কৃষি মন্ত্রণালয়  
প্রশাসন-৩ অধিশাখা  
[www.moa.gov.bd](http://www.moa.gov.bd)

কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম-৩ এ নির্ধারিত তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরের সফলভাবে বাস্তবায়ন ও এর বিভিন্ন লক্ষ্যমাত্রাসমূহ অর্জনে ভূমিকা রাখার লক্ষ্যে গঠিত কমিটির ২য় ত্রৈমাসিক সভার কার্যবিবরণী:

সভাপতি : ফয়েজ আহাম্মদ, যুগ্মসচিব (উপকরণ), কৃষি মন্ত্রণালয়।  
সভার তারিখ ও সময় : ১৩ ডিসেম্বর, ২০২১; সকাল ১১.০০ ঘটিকা।  
স্থান : যুগ্মসচিব (উপকরণ) এর অফিস কক্ষ, কৃষি মন্ত্রণালয়।  
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ : পরিশিষ্ট-ক।


সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর আলোচ্যসূচি অনুসারে তথ্য উপস্থাপনের জন্য উপসচিব, প্রশাসন-৩-কে অনুরোধ জানানো হয়।

০২। উপসচিব (প্রশাসন-৩) সভাকে অবহিত করেন যে, কৃষি মন্ত্রণালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে তথ্য অধিকার কর্মপরিকল্পনা ২০২১-২২ অর্থ বছরে সফলভাবে বাস্তবায়ন ও এর বিভিন্ন লক্ষ্যমাত্রাসমূহ অর্জনের লক্ষ্যে স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা, তথ্য অধিকার আইনের আলোকে ক্যাটাগরি/ক্যাটালগ এর খসড়া পর্যালোচনা করা সভায় মূল আলোচ্য বিষয়।

০৩। ২য় ত্রৈমাসিক সভায় নিম্নোক্ত বিষয়সমূহ নিয়ে আলোকপাত করা হয় এবং সিদ্ধান্ত গৃহীত হয়:

নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
ক)	স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২১ এর খসড়া প্রণয়ন	কৃষি মন্ত্রণালয়ের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২১ এর খসড়া বিস্তারিত পর্যালোচনা করা হয়। স্বপ্রণোদিত তথ্য নির্দেশিকা-২০২১ সংশোধন এবং সংযোজন-বিয়োজনের মাধ্যমে অনুমোদন করা হয় (পরিশিষ্ট-১)।	কৃষি মন্ত্রণালয়ের স্বপ্রণোদিত তথ্য প্রকাশ নির্দেশিকা-২০২১ সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদনক্রমে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।
খ)	তথ্য অধিকার আইনে ক্যাটাগরি/ক্যাটালগ এর খসড়া প্রণয়ন	তথ্য অধিকার আইনের আলোকে প্রণীত কৃষি মন্ত্রণালয়ের ক্যাটাগরি/ক্যাটালগ এর খসড়া বিস্তারিত পর্যালোচনা করা হয়। কৃষি মন্ত্রণালয়ের ক্যাটাগরি/ ক্যাটালগ সংশোধনপূর্বক সভায় অনুমোদন করা হয় (পরিশিষ্ট-২)।	ক্যাটাগরি/ ক্যাটালগ এর তথ্য সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদনক্রমে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।
গ)	নিয়মিত তথ্য অধিকার সেবা বন্ধ হালনাগাদ কার্যক্রম মনিটরিং	নিয়মিত তথ্য অধিকার সেবা বন্ধ হালনাগাদ কার্যক্রম মনিটরিং বিষয়ে পর্যালোচনা করা হয়।	নিয়মিত তথ্য অধিকার সেবা বন্ধ হালনাগাদ কার্যক্রম অব্যাহত রাখতে হবে।
ঘ)	কৃষি মন্ত্রণালয়ের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে	কৃষি মন্ত্রণালয়ের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের তালিকা পর্যালোচনা এবং অনুমোদন করা হয়।	কৃষি মন্ত্রণালয়ের স্বপ্রণোদিতভাবে প্রকাশযোগ্য তথ্যের হালনাগাদ তালিকা সিনিয়র সচিব মহোদয়ের অনুমোদনক্রমে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।
ঙ)	মন্ত্রিপরিষদ বিভাগে এবং মনিটরিং ও রিপোর্টিং শাখায় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ	মন্ত্রিপরিষদ বিভাগে এবং মনিটরিং ও রিপোর্টিং শাখায় মন্ত্রণালয়ের ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং দপ্তর/সংস্থার অর্থ বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণের বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	মন্ত্রিপরিষদ বিভাগে এবং মনিটরিং ও রিপোর্টিং শাখায় কৃষি মন্ত্রণালয়ের ২য় ত্রৈমাসিক বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং দপ্তর/সংস্থার অর্থ বার্ষিক প্রতিবেদন যথাসময়ে প্রেরণ করতে হবে।

০৪. অতঃপর সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

  
(ফয়েজ আহাম্মদ)  
যুগ্মসচিব (উপকরণ)

ও

আহ্বায়ক  
তথ্য অধিকার কর্মপরিকল্পনা  
বাস্তবায়ন সংক্রান্ত কমিটি  
কৃষি মন্ত্রণালয়।